গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

## আনসার ব্যাটালিয়নে যোগ দিন
## দেশসেবা ও জননিরাপত্তায় অংশ নিন

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৫.১২.০৩৫.২৬-১২৯; তারিখঃ ২২-০৬-২০২৬ খ্রিঃ মূলে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আনসার ব্যাটালিয়নের সিপাহি (২৮তম ব্যাচ পুরুষ) পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের নিম্নবর্ণিত জেলাসমূহের সময়সূচী অনুযায়ী বাছাই কার্যক্রম পরিচালিত হবে।

### নিম্নবর্ণিত জেলাসমূহের প্রার্থীদের বাছাইয়ের তারিখ, সময় ও স্থান

| ক্রঃ নং | জেলার নাম | তারিখ | দিন | সময় (সকাল) | নির্বাচন স্থানের নাম |
|---|---|---|---|---|---|
| ১ | মাগুরা, নড়াইল ও দিনাজপুর। | ০৯-০৮-২০২৬ | রবিবার | ০৭০০ | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। |
| ২ | বগুড়া, জয়পুরহাট, মুন্সীগঞ্জ ও হবিগঞ্জ। | ১১-০৮-২০২৬ | মঙ্গলবার | ০৭০০ | -ঐ- |

* প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত কাগজপত্র ও অন্যান্য যা সঙ্গে আনতে হবে ঃ

১। অনলাইন হতে প্রিন্টকৃত আবেদনপত্র ও প্রবেশপত্র। (মোবাইলে এসএমএস পাওয়ার পর অনলাইনে আবেদন করার সময় প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে ওয়েবসাইট হতে QR কোড ও জাতীয় পরিচয়পত্র নম্বর সম্বলিত প্রবেশপত্র প্রিন্ট করে আনতে হবে)।

২। কলম, পেন্সিল, স্কেল ও ক্লীপবোর্ড।

৩। পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত নিম্নবর্ণিত কাগজপত্র ঃ

ক। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ পত্রের ফটোকপি।

খ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৬ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (সামনে থেকে তোলা)।

গ। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

ঘ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র (NID) এর ফটোকপি।

ঙ। অভিভাবক কর্তৃক স্বাক্ষরিত আনসার ব্যাটালিয়নের সিপাহি পদে চাকরি করার সম্মতিসূচক সনদপত্র যা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

চ। প্রার্থী অবিবাহিত মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা ক্ষেত্রমত পৌরসভার মেয়র বা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র।

৪। শারীরিক যোগ্যতা, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় জাতীয় পরিচয়পত্র (NID) সহ সকল সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

৫। কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে উপরোল্লিখিত কাগজপত্রাদিসহ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত স্ব স্ব কোটার স্বপক্ষের কাগজপত্রাদি সঙ্গে আনতে হবে।

৬। **** প্রার্থীদের অবশ্যই কালো রঙের হাফ প্যান্ট পরিহিত অবস্থায় লাইনে দাঁড়াতে হবে।**

স্বাক্ষরিত
সদস্য-সচিব
২৮তম ব্যাচ সিপাহি (পুরুষ) রিক্রুটমেন্ট-২০২৬

CamScanner